

এই প্রশ্নপত্রটিতে ৩১টি প্রশ্ন [বিভাগ—ক (২০) + বিভাগ—খ (৬) অথবা বিভাগ—গ (৫)] এবং ৮টি মুদ্রিত পৃষ্ঠা আছে।

রোল নং

--	--	--	--	--	--	--	--	--	--	--	--

কোড নং **53/SS/O/B**

সেট

A

বাংলা

(303)

পরীক্ষার দিন ও তারিখ

তত্ত্বাবধানকারীদের স্বাক্ষর ১.

২.

সাধারণ নির্দেশাবলী :

১. পরীক্ষার্থীরা প্রশ্নপত্রের প্রথম পাতায় অবশ্যই তাঁদের রোল নং লিখবেন।
২. দয়া করে প্রশ্নপত্রটি পরীক্ষা করে দেখে নিন যে সর্বমোট পৃষ্ঠা ও সমস্ত প্রশ্ন প্রথম পৃষ্ঠার উপরে মুদ্রিত সংখ্যার সাথে মিলছে কি না। একই সাথে পরীক্ষা করে দেখে নিন যে প্রশ্নগুলি ক্রম অনুসারে আছে কি না।
৩. উত্তর-পুস্তিকার উপরে কোনো রকম পরিচয়ের স্বাক্ষর করলে অথবা নির্ধারিত জায়গা ছাড়া অন্য কোথাও রোল নং লিখলে উত্তর-পুস্তিকাটি বাতিল বলে গণ্য হবে।
৪. আপনার প্রশ্নপত্রের কোড নং 53/SS/O/B এবং সেট

A

 টি উত্তর-পুস্তিকার যথাযথ স্থানে লিখবেন।

বাংলা

(303)

সময় : 3 ঘণ্টা]

[পূর্ণমান : 100

- দ্রষ্টব্য : (i) এই প্রশ্নপত্রে ‘ক’, ‘খ’ এবং ‘গ’ তিনটি বিভাগ আছে।
(ii) বিভাগ ‘ক’-এর সব প্রশ্নের উত্তর দেওয়া আবশ্যিক।
(iii) বিভাগ ‘খ’ এবং বিভাগ ‘গ’-এর যে কোনো একটি বিভাগের সব প্রশ্নের উত্তর দিতে হবে।
(iv) বিভাগ ‘ক’-এর মান 85 এবং বিভাগ ‘খ’ অথবা বিভাগ ‘গ’-এর মান 15.

বিভাগ—ক

1. (ক) নিম্নলিখিত কাব্যংশের সপ্রসঙ্গ ব্যাখ্যা করুন :

4

এক দিঠ করি ময়ূর-ময়ূরী
কণ্ঠ করে নিরীক্ষণে।
চণ্ডীদাস কয় নব পরিচয়
কালিয়া বঁধুর সনে।

অথবা

সে যুগ হয়েছে বাসি,
যে যুগে পুরুষ দাস ছিল না কো নারীরা আছিল দাসী
বেদনার যুগ, মানুষের যুগ, সাম্র্যের যুগ আজি;
কেহ রহিবে না বাদী কাহারও উঠেছে ডঙ্কা বাজি।

- (খ) নিম্নলিখিত পংক্তিগুলির কাব্য-সৌন্দর্য স্পষ্ট করুন :

2

নাজমা, তোমায় বৃক্ষ হতেই হবে
ভালোবাসায় ভর করে তুই দাঁড়া,
আমরা হব পায়ের তলার মাটি—
আমরা এক অন্য জগৎ দেব
প্রতিজ্ঞাতে বুক বেঁধে তুই দাঁড়া
অন্য জগৎ এই মাটিতেই আছে
আমরা ওকে আস্ত আকাশ দেব

নাজমা, আকাশ বজ্রের ভাঙবে না।

2. নিম্নলিখিত প্রশ্নগুলির মধ্যে যে কোনো দুটির উত্তর লিখুন (অনধিক 30-35টি শব্দের মধ্যে) : 2+2=4

- (ক) চণ্ডীদাসের রচিত 'রাধার কী হইল অন্তরে ব্যথা' কবিতায় রাধার আচরণের পরপর যে পরিবর্তন ঘটেছে তার পরিচয় দিন।
- (খ) 'যেই স্বামী, সেই আমি'—কথাগুলির তাৎপর্য কী?
- (গ) শঙ্খমালা কে? তাকে আর খুঁজে পাওয়া যাবে না কেন?
- (ঘ) 'কাশীরাম দাস' কবিতায় মহাকবি মধুসূদন কাশীরামকে ভগীরথের সঙ্গে তুলনা করেছেন কেন?

3. 'প্রশ্ন' কবিতার মূল ভাবটি সংক্ষেপে লিখুন। 2

4. 'চর্যাপদ'-এ সমকালীন বাংলার সমাজচিত্র কীভাবে চিত্রিত হয়েছে, সংক্ষেপে লিখুন। 2

5. নিম্নলিখিত পংক্তিগুলির অলংকার সংজ্ঞাসহ উল্লেখ করুন : 1+1=2

কে বলে ঈশ্বর গুপ্ত, ব্যাপ্ত চরাচর,
যাহার প্রভায় প্রভা পায় প্রভাকর।

6. কবিতাংশটি পড়ে প্রদত্ত প্রশ্নের উত্তর করুন :

কোথায় স্বর্গ, কোথায় নরক,
কে বলে তা বহুদূর?
মানুষের মাঝে স্বর্গ-নরক
মানুষেতে সুরাসুর।
রিপুর তাড়নে যখনি মোদের
বিবেক পায় গো লয়,
আত্মগ্লানির নরক অনলে
তখনি পুড়িতে হয়।
প্রীতি ও প্রেমের পুণ্য বাঁধনে
যবে মিলি পরস্পরে,
স্বর্গ আসিয়া দাঁড়ায় তখন
আমাদের কুঁড়েঘরে।

প্রশ্ন :

- (ক) স্বর্গ-নরক কোথায় দেখতে পাওয়া যায়? 1
- (খ) 'সুরাসুর' কথার অর্থ কী? 1
- (গ) 'আত্মগ্লানির নরক-অনল' বলতে কবি কী বুঝিয়েছেন? 1
- (ঘ) আমাদের কুঁড়েঘরে স্বর্গ কীভাবে এসে দাঁড়ায়? 1

7. নিম্নলিখিত গদ্যাংশটির সপ্রসঙ্গ ব্যাখ্যা লিখুন : 6
- দেখো, আমি চোর বটে, কিন্তু আমি কি সাধ করিয়া চোর হইয়াছি? খাইতে পাইলে কে চোর হয়? দেখো, যাঁহারা বড়ো বড়ো সাধু, চোরের নামে শিহরিয়া উঠেন, তাঁহারা অনেকে চোর অপেক্ষাও অধার্মিক। তাঁহাদের চুরি করিবার প্রয়োজন নাই বলিয়াই চুরি করেন না। কিন্তু তাঁহাদের প্রয়োজনাতিত ধন থাকিতেও চোরের প্রতি যে মুখ তুলিয়া চাহেন না, ইহাতেই চোরে চুরি করে। অধর্ম চোরের নহে—চোরে যে চুরি করে, সে অধর্ম কৃপণ ধনী। চোর দোষী বটে, কিন্তু কৃপণ ধনী তদপেক্ষা শত গুণে দোষী। চোরের দণ্ড হয়; চুরির মূল যে কৃপণ, তাহার দণ্ড হয় না কেন?
- অথবা
- করেছি বৈকি ভাই, হাজার হোক হিন্দুরই মেয়ে তো? কিন্তু সঙ্গে সঙ্গে পুণ্যের লোভটাও মস্ত হয়ে উঠেছিল। ভাবলাম, বড়ো মানুষকে এই শেষ জীবনে আর মড়ার ওপর খাঁড়ার ঘা দিই কেন? ওঁকে পুত্রশোকের হাত থেকে রক্ষা করতে তো আমিই পারি? দেখি না ভগবানের ওপর কলম চালিয়ে। তাই রাবণ রাজার মতো নিজের মৃত্যুবাণ প্রাণপণ যত্নে লুকিয়ে তুলে রাখলাম।
8. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন : 2
- (ক) গিরীশ মহাপাত্রের চেহারার কোন্ বৈশিষ্ট্য অপূর্বকে মুগ্ধ করেছিল এবং কেন? 2
- (খ) নিমাইবাবু অপূর্বকে ‘বোকা ছেলে’ বলেছিলেন কেন? 1
- (গ) যাদব আর মাধবকে কেন স্ট্রুচারে বহন করা হয়েছিল? 2
- (ঘ) মোষ দুটোকে কিনে বাড়ির কাছাকাছি এলে রংলালের মনের অবস্থার পরিবর্তন হচ্ছিল কেন? 2
9. যে কোনো একটি প্রশ্নের উত্তর লিখুন : 2
- (ক) ‘শিল্পী’ গল্পে তাঁতিরা যে ভাষায় কথা বলেছিল তার দু-একটি উদাহরণ দিন।
- (খ) ‘কালাপাহাড়’ গল্পে নাট্যরীতির (সংলাপপ্রধান) পরিচয় পেলে তার দু-একটির উদাহরণ দিন।
10. নীচের অংশটি পড়ে প্রশ্নগুলির উত্তর করুন : 2
- “একঠো পয়সা দে নি বাবু।” চমকাইয়া দেখিলাম, দ্বারপ্রান্তে সেই বুড়িটা দাঁড়াইয়া আছে। হাতে সেই শুকনো ডালটা। “কি বুড়িয়া আভিতক জিন্দী হয়?” “মরণ কাঁহা আবৈছে বাবু!”
- প্রশ্ন :
- (ক) কে, কার কাছে ভিক্ষে চাইল? 2
- (খ) বক্তা তাকে কী জিজ্ঞেস করেছিলেন? 1
- (গ) শেষ উক্তির বাংলা অর্থ কী? 1

11. মিশরের ফ্যারাওদের সমাধিস্থলের সঙ্গে তুলনা করার সময় দোবরু পান্নাদের সমাধিস্থান সম্পর্কে গল্পকথক সত্যচরণ কী মন্তব্য করেছিলেন? 4

অথবা

লেখক ‘আরগ্যক’ উপন্যাসে প্রকৃতি এবং মানুষ, এর মধ্যে কাকে বেশি গুরুত্ব দিয়েছেন, সে সম্বন্ধে সংক্ষেপে লিখুন।

12. নীচের প্রশ্নগুলির উত্তর করুন :

- (ক) বুনো মহিষের দেবতার নাম কী? 1
- (খ) সত্যচরণ কোথায় দাঁড়িয়ে পুরোনো বই ও মাসিক পত্রিকার পাতা ওল্টাচ্ছিলেন? 1
- (গ) কী করে জানা যায় যে রাজু সাত্ত্বিক প্রকৃতির লোক ছিল? 1
- (ঘ) সাধারণ সাঁওতাল মেয়েদের সঙ্গে তুলনায় ভানুমতীর মধ্যে পার্থক্য কী? 1

13. নীচের প্রশ্নগুলির উত্তর লিখুন :

- (ক) বাংলা শব্দভাণ্ডারের কোন্ শ্রেণীর শব্দ এরা? (যে কোনো দুটি—এই শব্দগুলির মধ্যে তৎসম, অর্ধতৎসম, তদ্ভব, বিদেশি, প্রতিবেশী) : 2
বৃক্ষ ; চাহিদা ; পুরুত ; হাত।
- (খ) প্রত্যয় ভেঙে দেখান (যে কোনো দুটি) : 2
রাবণি ; গরিমা ; বাবুয়ানি ; মেটে।
- (গ) নীচের যে কোনো দুটি সমাসবদ্ধ পদকে ভেঙে দেখান (ব্যাসবাক্য করুন) : 2
মুখচন্দ্র ; দা-কাটা ; নীলকমল ; প্রাণপাখি।
- (ঘ) নীচের বাক্যটিকে চলিত রীতিতে পরিবর্তন করুন : 2
সুভাষ-কাকিমা এক মুহূর্ত চুপ করিয়া থাকিলেন, তাহার পর বলিলেন—কী জানি বুঝিতে পারিতেছি না।
- (ঙ) বাক্য পরিবর্তন করুন : 2

তুমি যদি যাও, তবে আমি যাব। (সরল বাক্যে)

14. যে কোনো একটি বিষয়ে একটি প্রতিবেদন রচনা করুন : 4

- (ক) এ-বছর (২০১৫ খ্রিঃ) দেশের প্রায় সমগ্র রাজ্যে প্রচণ্ড গরম পড়েছে। জনজীবনে তার প্রতিক্রিয়া সম্বন্ধে সংবাদপত্রের জন্য একটি প্রতিবেদন রচনা করুন।
- (খ) আপনি সেদিন ধর্মতলায় মেট্রো সিনেমার সামনে দাঁড়িয়ে। হঠাৎ চিংকার-চোঁচামেচি। এগিয়ে দেখলেন, কী ভিড়! ব্যাপার কী, না একটা বাস অ্যাক্সিডেন্ট হয়েছে—লরির সঙ্গে ধাক্কা—একটি লোক চাপা পড়েছে, বেঁচে আছে কিনা বোঝা যাচ্ছে না; অনেক লোক আহত। এই বিষয়ের উপর আপনি সংবাদপত্রের জন্য একটি প্রতিবেদন রচনা করুন।

15. লাঠি হাতে একটি অন্ধ লোক চলমান গাড়িসহ ব্যস্ত রাস্তা পার হবার জন্যে ক্ষীণকণ্ঠে আবেদন জানায় পথচারীদের কাছে—কেউ এগিয়ে এলনা। আপনি রাস্তার ওপার থেকে দেখলেন, একটি ১০/১১ বছরের বালক তাকে হাত ধরে খুব যত্নে রাস্তা পার করে দিল। এসব দেখে আপনার মনের ভাব কী হল 30-40টি শব্দের মধ্যে লিখুন। 2

অথবা

আপনার বাড়ির সামনে একটা শিমূল গাছ আছে। হঠাৎ ঝমঝম করে বৃষ্টি নেমে এল—হু হু করে বাতাস বইছে—5 মিনিটের মধ্যে রাস্তায় জল জমে গেল। দেখলেন গাছের তলায় দাঁড়িয়ে এক বয়স্ক বৃদ্ধ ভদ্রলোক কাকভেজা ভিজছেন আর ঠক্ঠক্ করে কাঁপছেন। আপনার প্রতিক্রিয়া এবং করণীয় কী বলে মনে করলেন এবং কী করলেন, এ সম্বন্ধে 30-40টি শব্দের মধ্যে লিখুন।

16. অংশটি পড়ে নীচের প্রশ্নগুলির উত্তর লিখুন :

আমি শহরের মানুষ; শহরে আমার জন্ম। আমার পূর্বপুরুষেরা কলকাতার আদিম বাসিন্দা। পল্লিগ্রামের কোনো স্পর্শ আমি প্রথম বয়সে পাইনি। এই জন্য যখন আমাকে প্রথম জমিদারির কাজে নিযুক্ত হতে হল, তখন মনে দ্বিধা উপস্থিত হয়েছিল। হয়তো আমি এ কাজ পারব না, হয়তো আমার কর্তব্য আমার কাছে অপ্রিয় হতে পারে।

প্রশ্ন :

- (ক) কলকাতার আদিম বাসিন্দা ছিলেন কারা? 1
- (খ) লেখকের পল্লিগ্রামের স্পর্শ না পাবার কারণ কী? 1
- (গ) ‘আমার কর্তব্য’ বলতে কোন্ বিষয়ের ইঙ্গিত করেছেন লেখক? 1

17. নীচের যে কোনো একটি প্রশ্নের উত্তর দিন : 4

- (ক) শ্যামসুন্দর বালিকা বিদ্যালয়ে মাধ্যমিকে গ্রেড A+ পেয়েছে 20%, গ্রেড A পেয়েছে 40%, গ্রেড B+ পেয়েছে 30% এবং কেবল B গ্রেড পেয়েছে 10%। একটি পাই চার্টের (Pie chart) সাহায্যে বিষয়টি পরিস্কার করুন।

- (খ) আমের আচার তৈরির প্রক্রিয়া Flow chart-এর সাহায্যে দেখান।

18. যে কোনো একটি বিষয়ে একটি নিবন্ধ রচনা করুন : 8

- (ক) জলদূষণের কুফল
- (খ) যে বইটি আপনার ভালো লেগেছে
- (গ) পাশের বাড়িতে আগুন লেগেছে
- (ঘ) স্বাবলম্বন

19. চিঠি লেখার রীতি মেনে যে কোনো একটি বিষয়ে একটি চিঠি লিখুন : 4

আপনি কোথাও বেড়াতে গিয়েছিলেন। সেই ভ্রমণের অভিজ্ঞতা সম্বন্ধে জানিয়ে আপনার বন্ধুকে একটি চিঠি লিখুন।

অথবা

১৬ ডি, এন. সেন লেন,
ভবানীপুর,
কলকাতা-২৬

ভাই গণেশ,

অনেকদিন তোর চিঠি পাইনি। তোরা সব ভালো আছিস নিশ্চয়ই। তুই আমাকে বার্ষিক পরীক্ষায় পরীক্ষার হলে দেখিসনি, কারণ আমি টাইফয়েডে শয্যাশায়ী ছিলাম। যাদ্যাসিক পরীক্ষায় ভালো করেছিলাম বলে ক্লাস টেন-এ উঠেছি। আবার পাশাপাশি বসে পড়াশোনা এবং অবসর সময়ে গল্প করতে পারব। কোনো রকমে উৎরেছি ঈশ্বরের কৃপায়। এখনও ভাত খাইনি। তোরা ভালো থাকিস। কাকু ও কাকিমাকে প্রণাম জানাস এবং তুই ভালোবাসা নিস।

ইতি

তোর বন্ধু

বিভাস

নির্দেশ : উপরে লিখিত চিঠির একটি উত্তর লিখুন, চিঠি লেখার রীতি মেনে।

20. নীচের অনুচ্ছেদ বা কাব্যংশটির একটি সারাংশ লিখুন : 3

- (ক) আমরা বলি, নিউটন মাধ্যাকর্ষণতত্ত্ব আবিষ্কার করেছেন। মাধ্যাকর্ষণ কি ওঁর জন্য এক কোণে অপেক্ষা করছিল? ছিল ওঁর মনে। উপযুক্ত সময়ে সেটা জানতে পারলেন। পৃথিবী যা কিছু জ্ঞান লাভ করেছে, সব মন থেকে উৎপন্ন। জগতের অনন্ত গ্রন্থাগার তোমার মনেই রয়েছে।

- (খ) বিশ্বজগৎ আমারে মাগিলে
কে মোর আত্মপর।
আমার বিধাতা আমাতে জাগিলে
কোথায় আমার ঘর।

বিভাগ—খ**(পর্যটন)**

21. (ক) ‘পর্যটন’ কথার প্রকৃত অর্থ লিখুন। পর্যটনের সংজ্ঞা কী? 2
(খ) জলপথে ঘুরে বেড়ানো ছাড়া জাহাজ ভ্রমণের আর কোনো উদ্দেশ্য আছে কী? কী সেটি? 1
22. কারা বিমান পরিবহনকে গুরুত্ব দিয়ে থাকে? 1
23. হুদে ভাসমান হোটেলের নাম কী? 1
24. মোটেল-এর কী সুবিধা আছে? ‘মোটেল’ কী? 2
25. পর্যটনের মাধ্যমে অনুন্নত এলাকার উন্নয়নে তিনটি বিকল্প সম্ভাবনা কী কী? 3
26. অতিসংখ্যক পর্যটকের চাপের সমস্যা থেকে পর্যটন কেন্দ্রগুলিকে মুক্ত করার উপায় কী কী? 5

বিভাগ—গ**(গণজ্ঞাপন)**

21. (ক) গণজ্ঞাপন এবং গণমাধ্যম—এ দুটির মধ্যে কী সম্পর্ক আছে, বুঝিয়ে দিন। 2
(খ) গণজ্ঞাপন কীভাবে সাধারণের ভুল ধারণা দূর করতে সাহায্য করে? 2
22. চিরাচরিত গণমাধ্যমের সংজ্ঞা কী? 1
23. গণমাধ্যমের প্রতিযোগিতার একটি খারাপ দিকের উল্লেখ করুন। 1
24. গণমাধ্যমের লক্ষ ও দৃষ্টিভঙ্গি যথাযথ রাখার প্রয়োজনীয় পদক্ষেপের উপযোগিতা বুঝিয়ে দিন। 3
25. সংবাদের গুরুত্ব বুঝতে গেলে কী কী বিষয়ের উপর দৃষ্টি রাখতে হবে তা ভালো করে বুঝিয়ে দিন। 6